**ফ্যামিলি কার্ড সংক্রান্ত**
**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ফ্যামিলি কার্ড কর্মসূচি
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

নম্বর-৪১.০০.০০০০.০০০.০২৩.১৮.০০০১.২৬.৫৫৬

তারিখ ১৩আষাঢ়, ১৪৩৩
২৮ জুলাই, ২০২৬

**বিষয়: ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) নিযুক্তকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী প্রান্তিক ও নিম্নআয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক 'ফ্যামিলি কার্ড কর্মসূচি' বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত কর্মসূচির আওতায় চলতি ২০২৬-২৭ অর্থবছরে দেশব্যাপী সকল পরিবারের তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে। ফ্যামিলি কার্ড কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে নির্ভুল তথ্য সংগ্রহ করা আবশ্যক। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তমোতাবেক যোগ্য তথ্য সংগ্রহকারী নির্বাচন করা প্রয়োজন।

**শর্তাবলি:**

(ক) 'ফ্যামিলি কার্ড' কর্মসূচিতে কাজ করতে আগ্রহী/উৎসাহী প্রার্থী;
(খ) শারীরিকভাবে সক্ষম (প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এ শর্ত প্রযোজ্য নয়); এবং
(গ) কম্পিউটার/ট্যাবলেট/স্মার্টফোন পরিচালনা করতে সক্ষম।

০২। বর্ণিতাবস্থায়, নিম্নবর্ণিত ছকে উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) নিযুক্তকরণ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রম. | কার্যক্রম | সময়সীমা |
|---|---|---|
| ১ | আবেদনকারীর শিক্ষা সনদ এবং অন্যান্য দলিলাদি যাচাই-বাছাই | ২৯-৩০ জুলাই, ২০২৬ |
| ২ | মৌখিক পরীক্ষা | ১-৭ আগস্ট, ২০২৬ |

উল্লেখ্য, যেসকল আবেদনকারী ইতোমধ্যে আবেদন পত্র দাখিল ও মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন তাদের জন্য অনুচ্ছেদ-২ এর শর্ত প্রযোজ্য নয়।

০৩। নির্বাচিত তথ্য সংগ্রহকারী (Enumerator)-দের প্রশিক্ষণ ও অন্যান্য নির্দেশনা বিষয়ে পরবর্তীতে জানানো হবে।

০৪। বিষয়টি অতীব জরুরি।

(মোঃ সাইফুল হক)
উপসচিব
ফোন: ৯৫১১০০৫
E-mail: sss@msw.gov.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
২. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর।
৩. উপজেলা সমাজসেবা অফিসার/শহর সমাজসেবা অফিসার (সকল), সমাজসেবা অধিদফতর।

CamScanner